

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ১২৪৯

৮. পবিত্রতা অর্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ নাপাক ব্যক্তির শরীরে লেগে থাকা নাপাকীর কারণে দুই কুন্নার কম পানিতে নাপাকীর গোসল করার ব্যাপারে হুশিয়ারী

ذَكَرُ الزَّجَرِ عَنْ اغْتِسَالِ الْجُنْبِ فِي أَقَلِّ مِنَ الْقُلْتَيْنِ مِنَ الْمَاءِ حَذَرَ نَجَاسَةٍ عَلَى بَدَنِهِ إِنْ بَقِيَ

আরবী

1249 - أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ بْنُ سَلَمٍ قَالَ حَدَّثَنَا حَرَمَلَةُ بْنُ يَحْيَى قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبٍ قَالَ: أَخْبَرَنِي عَمْرُو بْنُ الْحَارِثِ عَنْ بُكَيْرِ بْنِ الْأَشَجِّ أَنَّ أَبَا السَّائِبِ مَوْلَى هِشَامِ بْنِ زُهْرَةَ حَدَّثَهُ أَنَّهُ سَمِعَ أَبَا هُرَيْرَةَ يَقُولُ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (لَا يَغْتَسِلُ أَحَدُكُمْ فِي الْمَاءِ الدَّائِمِ وَهُوَ جُنْبٌ) فَقَالُوا: كَيْفَ نَفْعُلُ يَا أَبَا هُرَيْرَةَ؟ قَالَ: يَتَنَاوَلُهُ تَنَاوَلًا.

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 1249 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১২৪৯. আবু হুরাইরা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “তোমাদের কেউ আবদ্ধ পানিতে নাপাক অবস্থায় গোসল করবে না।” অতঃপর লোকজন বললেন, “হে আবু হুরাইরা, তাহলে আমরা কিভাবে (গোসল) করবো?” জবাবে তিনি বলেন, “পানি তুলে নিয়ে গোসল করবে।”[1]

ফুটনোট

[1] ইবনু মাজাহ: ৬০৫; মুসলিম: ২৮৩; নাসাই: ১/১৯৭; আবু আওয়ানা: ১/২৭৬; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/১৪; ইবনুল জারুদ, আল মুনতাকা: ৫৬; দারাকুতনী: ১/৫১; সহীহ ইবনু খুযাইমাহ: ৯৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রাহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ সুনান ইবনু মাজাহ: ৬০৫।)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=90563>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন